দৈনিক সংবাদ

তারিখ 24 FEB 1990
পৃষ্ঠা ৪ . ৪

০৭

## এল এল বি '৮৮ পরীক্ষার ফল প্রকাশ

এল এল বি পরীক্ষা ৮৮ (প্রথম ও শেষ পর্ব) ফেব্রুয়ারী '৯০তে সমাপ্ত হয়। উভয় পর্বের পরীক্ষা প্রায় একই সময় শুরু হয় এবং প্রথম পর্ব থেকে শেষ পর্বের শিক্ষা বর্ষ বা সময়কাল এক বছর। বিগত পরীক্ষাসমূহে ফল প্রকাশ পায় প্রায় ১০ মাস পর। প্রথম পর্ব পরীক্ষায় কৃতকার্য ছাত্রছাত্রীদের শেষ পর্বে এবং অকৃতকার্য ছাত্রছাত্রীদের পুনরায় প্রথম পর্ব পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সময় থাকে মাত্র ২ মাস। এই অব্যবস্থার জন্য ছাত্র ছাত্রীদের এই স্বল্প সময়ে আশানুরূপ প্রস্তুতি নিতে না পারায় পরীক্ষার ফল সন্তোষজনক হয় না। এল এল বি '৮৭ পরীক্ষা শুরু হয় নভেম্বর '৮৮ ফল প্রকাশ পায় অক্টোবর '৮৯ এবং এলএলবি '৮৮ পরীক্ষা শুরু হয় জানুয়ারী '৯০। অতএব, এলএলবি '৮৮ পরীক্ষার ফল প্রকাশ উপরোক্ত অব্যবস্থার শিকার যেন না হয় সে ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের শুভ দৃষ্টি আকর্ষণ করছি।

আবদুল মোমিন ফিরোজ,
প্রথমপর্ব, ধানমণ্ডী ল' কলেজ,
ঢাকা।